**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৩/২০১৭**

**ঢাকা, সোমবার ২৪ এপ্রিল ২০১৭, ১১ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সরকারের দেওয়া শিক্ষা সুবিধা নিশ্চিত করতে হবে
: শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড উপদেষ্টা পরিষদের বৈঠকে প্রধানমন্ত্রী

২। খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের আর্থিক অনুদান প্রদান

৩। কওমি মাদ্রাসার সঙ্গে জঙ্গিবাদের সম্পর্ক নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। সৃজনশীল বই পড়ার আহ্বান শিক্ষামন্ত্রীর

৫। হাওরে ক্ষতিগ্রস্ত প্রত্যেক পরিবারকে মাসে ৩০ কেজি চাল ও
নগদ পাঁচশ' টাকা করে দেবে সরকার

৬। বাঁধ নির্মাণে দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে : পানিসম্পদ মন্ত্রী

৭। নিজের সৃজনশীল কাজ সম্পর্কে সচেতন হতে হবে : সংস্কৃতিমন্ত্রী

৮। সরকারিকরণের জন্য ২৮৫ বেসরকারি কলেজ চূড়ান্ত

৯। সুশাসন ছাড়া অর্থনৈতিক প্রবৃদ্ধি টেকসই হবে না : বিআইডিএস সংলাপে বক্তারা

১০। হজযাত্রীরা জনপ্রতি এক হাজার ডলার নিতে পারবেন : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

১১। পবিত্র লাইলাতুল মিরাজ আজ

১২। বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের সভাপতি
প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার এবং মহাসচিব ফায়জুল হক

চলমান পাতা-২

১। **সরকারের দেওয়া শিক্ষা সুবিধা নিশ্চিত করতে হবে**
**: শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড উপদেষ্টা পরিষদের বৈঠকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর স্বপ্নের আধুনিক শিক্ষিত জাতি গড়ে তুলতে সকল শিক্ষার্থীর জন্য সরকারের দেওয়া শিক্ষা সুবিধা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, দেশকে দারিদ্র্যমুক্ত করার একমাত্র উপায় হিসেবে সরকার শিক্ষার প্রতি সর্বোচ্চ গুরুত্ব প্রদান করছে। বঙ্গবন্ধুর স্বপ্নের আধুনিক শিক্ষিত জাতি গড়ে তুলতে সকল শিক্ষার্থীদের জন্য সরকারের দেওয়া শিক্ষা সুবিধা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল ২৩ এপ্রিল রোববার প্রধানমন্ত্রী তার কার্যালয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ডের উপদেষ্টা পরিষদের চতুর্থ সভায় সভাপতিত্বকালে এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

২। **খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের আর্থিক অনুদান প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে গতকাল ২৩ এপ্রিল রোববার এক অনুষ্ঠানে দুইজন বীরশ্রেষ্ঠ এবং ১০ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাদের উত্তরাধিকারীদের মধ্যে আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর কাছ থেকে প্রত্যেকে তিন লাখ টাকার চেক গ্রহণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **অবজারভার** ( পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৩। **কওমি মাদ্রাসার সঙ্গে জঙ্গিবাদের সম্পর্ক নেই : স্বরাষ্ট্রমন্ত্রী**

হেফাজতের সঙ্গে কওমি মাদ্রাসার এবং কওমি মাদ্রাসার স্বীকৃতির সঙ্গে জঙ্গিবাদের কোনো সম্পর্ক নেই বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি গতকাল ২৩ এপ্রিল রোববার শেরপুরের ঝিনাইগাতীর নবনির্মিত ৪তলা থানা ভবনের উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৪। **সৃজনশীল বই পড়ার আহ্বান শিক্ষামন্ত্রীর**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মের ছেলেমেয়েদের যুগোপযোগী এবং ভালো মনের মানুষ হিসেবে গড়ে তুলতে হলে তাদের পাঠ্যবইয়ের পাশাপাশি পৃথিবীর সেরা সাহিত্য, ভ্রমণ এবং কল্পকাহিনীর বইগুলো পড়তে হবে। বর্তমানে সেকায়েপ প্রকল্পের মাধ্যমে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি দেশের ২৫০টি উপজেলায় পরিচালিত হচ্ছে। ভবিষ্যতে দেশের প্রতিটি উপজেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে এ কর্মসূচি চালু করা হবে। গতকাল ২৩ এপ্রিল রোববার বিশ্ব বই ও কপিরাইট দিবস উপলক্ষে বিশ্বসাহিত্য কেন্দ্রে সেকায়েপ প্রকল্পের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক. ৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

৫। **হাওরে ক্ষতিগ্রস্ত প্রত্যেক পরিবারকে মাসে ৩০ কেজি চাল ও নগদ পাঁচশ' টাকা করে দেবে সরকার**

বন্যায় ক্ষতিগ্রস্ত হাওরাঞ্চলের ছয় জেলায় তিন লাখ ৩০ হাজার পরিবারকে মাসে ৩০ কেজি করে বিনামূল্যে চাল ও ৫০০ টাকা অর্থ সহায়তা দেবে সরকার। ১০০ দিন পর্যন্ত এ সহায়তা দেওয়া হবে। এছাড়া পরবর্তী ফসল না ওঠা পর্যন্ত বিভিন্ন প্রকার সহযোগিতা দেওয়া হবে। সচিবালয়ে গতকাল ২৩ এপ্রিল রোববার হাওর এলাকায় সৃষ্ট বন্যার বিষয়ে গৃহীত কার্যক্রম ও করণীয় সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা শেষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৬। **বাঁধ নির্মাণে দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে : পানিসম্পদ মন্ত্রী**

হাওর এলাকায় বাঁধ নির্মাণে দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে জানিয়ে পানিসম্পদ মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, ওই এলাকায় বাঁধ ছিল ৬ দশমিক ৫ মিটার উচ্চতার। কিন্ত পানির উচ্চতা ছিল সাড়ে আট

মিটারের মতো। এই রকম পানির চাপ থাকলে অনেক সময় টেকসই বাঁধও টেকে না। তবুও বাঁধ ভেঙে হাওরের মানুষের দুর্গতির পেছনে পানি উন্নয়ন বোর্ডের দুর্নীতি আছে কি না, তা খতিয়ে দেখা হবে বলে জানান তিনি। গতকাল ২৩ এপ্রিল রোববার সচিবালয়ে পানিসম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।



**৭। নিজের সৃজনশীল কাজ সম্পর্কে সচেতন হতে হবে : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, নিজের সৃজনশীল কাজ সম্পর্কে সচেতন হতে হবে। তা না হলে মেধাস্বত্বের সুরক্ষা সম্ভব নয়। আন্তর্জাতিক কপিরাইট দিবস উপলক্ষে গতকাল ২৩ এপ্রিল রোববার আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৮। সরকারিকরণের জন্য ২৮৫ বেসরকারি কলেজ চূড়ান্ত**

দেশের মোট ২৮৫ টি বেসরকারি কলেজকে সরকারি করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ জন্য ওই সব কলেজের স্থাবর-অস্থাবর সম্পত্তি সরকারের কাছে হস্তান্তরের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। গত ২০ এপ্রিল বৃহস্পতিবার মন্ত্রণালয় এক আদেশে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ সচিবের বরাবর রেজিস্ট্রি করা দানপত্র দলিল (ডিড অব গিফট) পাঠাতে নির্দেশ দেয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। সুশাসন ছাড়া অর্থনৈতিক প্রবৃদ্ধি টেকসই হবে না : বিআইডিএস সংলাপে বক্তারা**

উন্নয়নের ধারাবাহিকতা রক্ষা ও এর সুফল সবার কাছে পৌঁছে দিতে হলে সুশাসনের বিকল্প নেই। সুশাসন নিশ্চিত করা না গেলে বর্তমানে যেসব খাতে ভর করে অর্থনীতি এগোচ্ছে, সেখানে চ্যালেঞ্জ তৈরি হবে। তাই অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি সুশাসনের ওপর জোর দেওয়া উচিত। তা না হলে অর্থনৈতিক উন্নয়ন টেকসই হবে না বলে মনে করেন অর্থনীতিবিদরা। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) আয়োজিত বাংলাদেশ সংলাপে গতকাল রোববার 'বাংলাদেশ কি সুশাসন ছাড়া প্রবৃদ্ধি চালিয়ে যেতে পারবে' শীর্ষক অধিবেশনে বক্তারা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক. ১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**১০। হজযাত্রীরা জনপ্রতি এক হাজার ডলার নিতে পারবেন : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার**

চলতি বছরে যারা হজ পালন করতে মক্কায় যাবেন তারা হজের সার্বিক খরচ বাদেও জনপ্রতি এক হাজার মার্কিন ডলার সমপরিমান অর্থ সঙ্গে নিয়ে যেতে পারবেন। সরকারি বা বেসরকারি ব্যবস্থাপনায় যারাই হজে যাবেন, তারা এ পরিমাণ অর্থ নিতে পারবেন বলে বাংলাদেশ ব্যাংকের এক সার্কুলারে জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

**১১। পবিত্র লাইলাতুল মিরাজ আজ**

আজ সোমবার পবিত্র লাইলাতুল মিরাজ। যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে আজ রাতে (২৬ রজব রাতে ) সারাদেশে পবিত্র লাইলাতুল মিরাজ উদ্‌যাপিত হবে। গতকাল ২৩ এপ্রিল রোববার গণমাধ্যমে ইসলামিক ফাউন্ডেশনের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**১২। বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের সভাপতি**
**প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার এবং মহাসচিব ফায়জুল হক**

প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্টের (পিআইডি) প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের সভাপতি এবং প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশের (পিআইবি) পরিচালক ফায়জুল হক মহাসচিব নির্বাচিত হয়েছেন। সংগঠনের সদস্যরা সর্বসম্মতিক্রমে তাদের ২০১৭-১৮ বছরের জন্য নির্বাচিত করেন। গত ২১

এপ্রিল শুক্রবার রাজধানীর পিআইবি মিলনায়তনে অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ও পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। এ সময় নবনির্বাচিতদের আনুষ্ঠানিকভাবে বরণ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে জরুরি ভিত্তিতে চাক্তাই খালপাড়ের অবৈধ স্থাপনা উচ্ছেদ, খাল খনন এবং খালে বর্জ্য ফেলা বন্ধের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বলে মত প্রকাশ।

খ. **প্রথম আলো, সমকাল, ফিনানশিয়াল এক্সপ্রেস :** ঔষধ প্রশাসন অধিদপ্তর মানুষের জীবনরক্ষাকারী চিকিৎসা সামগ্রী স্টেন্টের সর্বোচ্চ মূল্য বেঁধে দেওয়াকে সময়োচিত পদক্ষেপ উল্লেখ করে তা যেন সঠিকভাবে কার্যকর হয় সে ব্যাপারে নজরদারির সুপারিশ।

গ. **সংবাদ :** রাজধানীতে গণপরিবহনে যে মহাসংকট চলছে তা নিরসনে সমন্বিত গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ, নিউজ টুডে :** দেশে ইন্টারনেট ব্যবহারকারী নারীদের ৭৩ শতাংশই নানা ধরনের সাইবার অপরাধের শিকার হওয়ায় উদ্বেগ প্রকাশ করে নারীদের ওপর সাইবার অপরাধ দমনে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন, ইনকিলাব :** বিশ্বব্যাংক সম্প্রতি তাদের অভিবাসন ও উন্নয়নবিষয়ক হালনাগাদ এক প্রতিবেদনে ২০১৬ সালে বাংলাদেশে রেমিট্যান্স কমেছে বলে উল্লেখ করায় উদ্বেগ প্রকাশ করে শ্রম রপ্তানির ক্ষেত্রে নানামুখী উদ্যোগ নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি সান, প্রথম আলো, সমকাল :** রানা প্লাজার ধসের চার বছর পূর্ণ হওয়ার পর এ দুর্ঘটনায় আহত শ্রমিকদের ৪২ দশমিক ২ শতাংশ এখনও কর্মহীন রয়েছেন অ্যাকশন এইডের এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এসব শ্রমিকদের দুর্দশা লাঘবে সরকারি-বেসরকারি সহায়তা কামনা।

ছ. **অবজারভার :** সাভারে ট্যানারি শিল্প স্থানান্তরিত হওয়ায় ধলেশ্বরী নদী যাতে বুড়িগঙ্গার মতো ক্ষতিগ্রস্ত না হয় সে ব্যাপারে সচেতন থাকার আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে সড়ক ব্যবস্থাপনায় জটিলতা তথা যানজট পরিবহন খাতের নৈরাজ্যের একটি বড় কারণ বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'বদলে যাচ্ছে রাজনীতির ধারা'** শিরোনামের নিবন্ধে ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী রাজনীতিতে তৃণমূলের নেতা ও কর্মীদের সঙ্গে কেন্দ্রীয় নেতাদের সমন্বয় থাকলে দেশ ও মানুষের জন্য কাজ করতে প্রতিবন্ধকতা সৃষ্টি হয় না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা